দৈনিক ইত্তেফাক

13 APR 2008

পৃ - ৪

ডা. ফজলে রাব্বি হলে হামলা তদন্তে কমিটি গঠন

# ঢাকা মেডিক্যাল কলেজ পরিস্থিতি উত্তপ্ত

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

ঢাকা মেডিক্যাল কলেজের ডা. ফজলে রাব্বি ছাত্রাবাসে ছাত্রলীগ নেতাকর্মীদের ওপর ছাত্রদলের হামলা ও ১৬টি কক্ষ ভাংচুরের ঘটনায় একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত অনুযায়ী তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে ৫ দিনের মধ্যে তদন্ত রিপোর্ট দিতে বলা হয়েছে।

শনিবার ঢাকা মেডিক্যাল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. কাজী দীন মোহাম্মদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সকল সদস্য উপস্থিত ছিলেন। সভায় গতকাল শুক্রবার সকালে ডা. ফজলে রাব্বি ছাত্রাবাসে ছাত্রলীগ নেতাকর্মীদের ওপর ছাত্রদল নেতাকর্মীদের হামলা এবং তাদের ১৬টি কক্ষ ভাংচুরের ঘটনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় তদন্ত কমিটির রিপোর্ট প্রাপ্তির পর প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত হয়েছে বলে অ্যাকাডেমিক কাউন্সিলের একজন সদস্য জানান। তিন সদস্যের তদন্ত কমিটির চেয়ারম্যান সার্জারি বিভাগের অধ্যাপক ডা. ওমর আলী এবং সদস্য ফরেনসিক বিভাগের অধ্যাপক ডা. মিজানুল হক ও সহযোগী অধ্যাপক ডা. ফয়জুল ইসলাম। এদিকে এই হামলার ঘটনাকে কেন্দ্র করে ঢাকা মেডিক্যাল কলেজ পরিস্থিতি উত্তপ্ত। কলেজ ও ছাত্রাবাস এলাকায় পুলিশ মোতায়েন করা হয়েছে। এই হামলার ঘটনায় লালবাগ থানায় মামলা দায়ের করা হয়। জড়িতদের গতকাল রাত সাড়ে ৯টা পর্যন্ত পুলিশ গ্রেফতার করতে পারেনি।